গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
(গবেষণা ও বৃত্তি শাখা)

নম্বর- ৫৬.০০.০০০০.০২৮.২০.০০১.২০-১৩৪

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬ / ২২ মার্চ ২০২০

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থবছরে আইসিটি ক্ষেত্রে বিশেষ অনুদান প্রাপ্ত প্রকল্পের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরে 'বিশেষ অনুদান' (কোড নং- ১২৮০১০১-১২০০০৮৪৩১-৩৬৩১১০৭) খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রকল্পের ২য় কিস্তির অর্থ মঞ্জুরি।**

২০১৮-১৯ অর্থবছরে আইসিটি ক্ষেত্রে বিশেষ অনুদানপ্রাপ্ত নিম্নের ছকে বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে ২নং কলামে বর্ণিত প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের 'বিশেষ অনুদান' (কোড নং- ১২৮০১০১-১২০০০৮৪৩১-৩৬৩১১০৭) খাতে বরাদ্দকৃত অর্থ হতে মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৪নং কলামে বর্ণিত পরিমাণ অর্থ ২য় কিস্তি হিসেবে বিশেষ অনুদান প্রদানের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করছি।

| অনুদান প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রকল্প/কার্যক্রমের শিরোনাম ও সংক্ষিপ্ত বিবরণ | প্রকল্প/কার্যক্রমের জন্য মোট বরাদ্দ এবং ২০১৮-১৯ অর্থবছরে ১ম কিস্তিতে প্রদত্ত অর্থ | ২০১৯-২০ অর্থবছরে ২য় কিস্তিতে প্রদেয় অর্থ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| **মোঃ বেলাল হোসেন**<br>উদ্যোক্তা, সাতকানিয়া সিইসি, সাতকানিয়া, চট্টগ্রাম<br>মোবাইল: ০১৮১৯০৬৬০৩১<br>ই-মেইল: uiscsatkania@yahoo.com | **শিরোনাম:** CEC Management System<br>**সংক্ষিপ্ত বিবরণ:** বিসিসি দ্বারা দেশের ৩০টি উপজেলায় ৩০টি কমিউনিটি ই-সেন্টার (সিইসি) স্থাপন ও ওয়েবসাইট তৈরীর মাধ্যমে "Village Bazaar" নামে একটি ই-কমার্স পোর্টাল চালু করলেও সম্পূর্ণভাবে বিফল হয়েছে। সিইসি'র ৩০টি ওয়েবসাইটের মাধ্যমে দেশীয় পণ্য নিয়ে (খুচরা ও পাইকারী) একটি ই-কমার্স কার্যক্রম চালু করা হবে। এই প্রকল্পের মাধ্যমে সিইসি'র উদ্যোক্তারা লাভবান হওয়াসহ গ্রাম পর্যায়ে ক্ষুদ্র ও কুটির শিল্পগুলোও লাভবান হওয়ার পাশাপাশি অধিক প্রসার ঘটবে। সাথে সাথে SASEC RTNB প্রকল্পের অধীনে থাকা ভারত, নেপাল ও ভুটানে বাংলাদেশী পণ্য রপ্তানীতে সুযোগ পাওয়া যাবে। | ১০,০০,০০০/-<br>(দশ লক্ষ)<br><br>১ম কিস্তিতে প্রদত্ত ৫,০০,০০০/-<br>(পাঁচ লক্ষ) | ৫,০০,০০০/-<br>(পাঁচ লক্ষ) |

২। **শর্তসমূহ:**

(ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(খ) অনুদান প্রদত্ত অর্থ দিয়ে প্রকল্প বাস্তবায়নকালে উল্লেখযোগ্য কাজের স্থিরচিত্র এবং সম্পূর্ণ কাজের সফটকপি সংরক্ষণপূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে;
(গ) অনুদান প্রাপ্তির ৩/৬ মাস পর পর অথবা আইসিটি বিভাগের চাহিদা অনুযায়ী গবেষণা ও বৃত্তি শাখায় প্রকল্পের কাজের অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে;
(ঘ) অনুদান প্রদত্ত অর্থ যথাযথভাবে ব্যয় শেষে ব্যয়িত অর্থের বিবরণী এবং বিল-ভাউচারের মূল কপি আইসিটি বিভাগের গবেষণা ও বৃত্তি শাখায় আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
(ঙ) সরকার তথা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে বরাদ্দ প্রদত্ত অর্থ দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে মর্মে ব্যাপকভাবে প্রচার করতে হবে;
(চ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদেরকে ডিজিটাল নিরাপত্তা বিষয়ে ধারণা প্রদান করতে হবে এবং সচেতন করে তুলতে হবে;
(ছ) অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম হলে কিংবা কোন প্রকার অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদানের সম্পূর্ণ অর্থ সরকারের নিকট ফেরৎ দিতে বাধ্য থাকবে;
(জ) অনুদানের অর্থ ব্যবহারের বিষয়টি মূল্যায়ন কমিটি, আইসিটি বিভাগের কর্মকর্তা/মাঠ প্রশাসনের কর্মকর্তা কর্তৃক মনিটর করা হবে এবং পরিবীক্ষণে গৃহীত/চলমান কার্যক্রম সন্তোষজনক বলে প্রতীয়মান না হলে অনুদানের অর্থ সম্পূর্ণ কিংবা আংশিক ফেরত দিতে হবে;

(ঝ) অনুদান প্রদানের জন্য মনোনীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদানের অর্থ নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরীকৃত সম্পূর্ণ অথবা আংশিক অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে আইসিটি বিভাগে ফেরত দিতে হবে;

(ঞ) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে ০১ (এক) মাসের মধ্যে সমাপনী প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে এবং প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডকুমেন্ট/সফট্ওয়্যার/মালামাল জনসেবা প্রদানের স্বার্থে ব্যবহারের লক্ষ্যে আইসিটি বিভাগে অথবা এ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানের নিকট জমা প্রদান করতে হবে;

(ট) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে অব্যায়িত অর্থ (যদি থাকে) ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে সিটিআর গ্রহণপূর্বক ট্রেজারী চালানের কপিসহ বিল-ভাউচার দাখিল করে পরবর্তী ০১ মাসের মধ্যে সমন্বয় করতে হবে;

(ঠ) প্রস্তাবিত প্রকল্পে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রদত্ত অনুদান ব্যতীত অন্য কোন উৎস হতে অনুদান পেয়ে থাকলে বা ব্যবহার করে থাকলে তার বিস্তারিত হিসাব/তথ্য আলাদা আলাদাভাবে প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগকে অবহিত করতে হবে;

(ড) আইসিটি বিভাগের কর্মকর্তা/স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের প্রযোজ্য ক্ষেত্রে অবহিত রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে;

(ঢ) উপরোক্ত বিষয়াদি প্রতিপালন না হলে/ব্যত্যয় হলে ফৌজদারী কার্যবিধি, পি.ডি.আর. এ্যাক্ট ও সংশ্লিষ্ট আইনের বিধি মোতাবেক অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ণ) অনুদান প্রাপ্ত প্রকল্প/প্রকল্প সংশ্লিষ্ট কাজের বিপরীতে এমনকি নাম পরিবর্তন করে অন্য কোন সরকারি প্রতিষ্ঠান হতে অনুদান গ্রহণ করা যাবে না;

(ত) অনুদানপ্রাপ্ত প্রকল্প জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে কোন পুরস্কার/স্বীকৃতি অর্জন করলে তার প্রমাণকসহ বিস্তারিত প্রতিবেদন আইসিটি বিভাগে দাখিল করতে হবে।

৩। প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নের জন্য ২য় কিস্তিতে প্রদেয় মোট ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রদানের নিমিত্ত **"Md. Belal Hosen"** শিরোনামে ক্রস চেক ইস্যু করতে নির্দেশক্রমে অনুরোধ করছি।

৪। চলতি ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের "বিশেষ অনুদান" খাতে (কোড নং ১২৮০১০১-১২০০০৮৪৩১-৩৬৩১১০৭) বরাদ্দকৃত বাজেট হতে এ অর্থ ব্যয় হবে।

২২.৩.২০২০


(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব
☎ ৫৫০০৬৮৭০
✉ mkhayer@ictd.gov.bd


নম্বর- ৫৬.০০.০০০০.০২৮.২০.০০১.২০-১৩৪

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬ / ২২ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম।
৬। মোঃ বেলাল হোসেন, উদ্যোক্তা, সাতকানিয়া সিইসি, সাতকানিয়া, চট্টগ্রাম (স্থানীয় প্রশাসন/আইসিটি বিভাগের স্থানীয় কর্মকর্তাদের অবহিত রেখে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য তাকে অনুরোধ করা হলো)।

২২.৩.২০২০


মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব